দামুড়হুদায় ৪ শ’ ৮৭ পিচ বুপ্রেনরফাইন ইনজেকশনসহ আটক ৩

দামুড়হুদা উপজেলায় জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক অভিযান চালিয়ে ৪ শত৮৭ পিচ ভারতীয় বুপ্রেনরফাইন ইনজেকশনসহ তিনজনকে আটক করেছেন।

আটকৃতরা হলো মাহাবুর (৩২) চাকুলিয়া গ্রামের রমজান আলির ছেলে, হাফিজুর (৩৫) একই গ্রামের মৃত আব্দুল জলিলের ছেলে ও মিজান (৫৫) একই গ্রামের মৃত শুকুর আলির ছেলে। গতকাল বুধবার বিকাল সাড়ে ৫ টার দিকে মুক্তারপুর মাঝেরপাড়া রাস্তার উপর তাদেরকে আটক করা হয়।

জানাযায়, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের সহকারী পরিচালক মোছা: শিরীন আক্তার এর নেতৃত্বে গোপন সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সঙ্গীয় ফোর্সদের সমন্বয়ে দামুড়হুদা থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে মোক্তার পুর মাঝের পাড়ায় থেকে চাকুলিয়া গ্রামের মৃত আব্দুল জলিলের ছেলে হাফিজুর রহমান, মৃত শুকুর আলির ছেলে মিজানুর রহমানকে আটক করেন। পরে তাদের ব্যবহৃত মোটর সাইকেলের সিট তল্লাশি করে ৩ শত পিচ বুপ্রেনরফাইন ইনজেকশন উদ্ধার করেন। এবং ডিসকভারি ১২৫ সিসি মোটরসাইকেল জব্দ করেন।

একইদিনে চাকুলিয়া গ্রামের মাঠ পাড়ার রমজান আলির ছেলে মাহবুবুর রহমানকে আটক করেন। পরে তার দেহ তল্লাশী করে ১ শত ৮৭ পিচ বুপ্রেনরফাইন ইনজেকশন উদ্ধার করেন। জেলা মাদকদ্রব্য অধিদপ্তরের উপ পরিদর্শক আকবর হোসেন বাদী হয়ে উক্ত আসামির বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় একটি নিয়মিত মামলা দায়ের করেন।

গাংনীর কাজিপুর সীমান্তে ১৪০

বোতল ফেনসিডিল উদ্ধার

গাংনী উপজেলার সীমান্তবর্তী কাজিপুর গ্রামে পাখিভ্যানে করে বিশেষ ব্যবস্থায় ফেনসিডিল পাচারের সময় ১৪০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করেছে বিজিবি।

৪৭ বর্ডারগার্ড বাংলাদেশ বিজিবি’র কাজিপুর বিওপি ক্যাম্পের কমান্ডার সুবেদার মাহবুবের নেতৃত্বে বিজিবির একটি টিম আন্তর্জাতিক সীমান্ত পিলার ১৪৬ এর বাংলাদেশ অভ্যন্তরের ভিতরে অভিযান চালিয়ে ফেনসিডিলগুলো উদ্ধার করা হয়। এসময় ইঞ্জিনচালিত পাখি ভ্যানটিও জব্দ করা হয়েছে।

কাজিপুর বিওপি ক্যাম্পের কমান্ডার সুবেদার মাহবুব জানান, পাখিভ্যানের বসার চরাটের ভিতর বিশেষ কায়দায় ফেনসিডিল পাচার হচ্ছে এমন সংবাদ পেয়ে ঘটনাস্থলে অভিযান চালানো হয়। বিজিবির উপস্থিতি টের পেয়ে মাদক ব্যবসায়ীরা পাখিভ্যানটি ফেলে পালিয়ে যায়। পরে পাখিভ্যানের বসার চরাট কেটে পলিথিন মোড়ানো ব্যাগের মধ্যে থেকে ১৪০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করা হয়।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় কাজিপুর মধ্যে পাড়া এলাকার সোনাতন মিয়ার ছেলে শিপন আলী ও মোঃ সুমন আলীকে আসামি করে মাদক আইনে গাংনী থানায় মামলা দায়ের করা হয়েছে।

কুষ্টিয়ায় ফেনসিডিলসহ ৩ ব্যবসায়ী গ্রেপ্তার

কুষ্টিয়ায় দৌলতপুর উপজেলার বৈদ্যনাথতলা গ্রাম থেকে ২৫৯ বোতল আমদানি নিষিদ্ধ ভারতীয় ফেনসিডিলসহ ৩ জন মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে।

মঙ্গলবার ভোরে র্যাব-১২ সিপিসি-১ কোম্পানির একটি চৌকস অভিযানিক দল মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ।

র্যাব-১২ কুষ্টিয়া এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানান, র্যাব-১২ কুষ্টিয়া কোম্পানির সিপিসি-১ এর একটি চৌকস অভিযানিক দল মঙ্গলবার ভোর আনুমানিক সাড়ে ৬টার দিকে দৌলতপুর উপজেলার বৈদ্যনাথতলা গ্রামে অভিযান পরিচালনা করে।

এ সময় চরদিয়াড় গ্রামের মো. লুৎফর মালিথার ছেলে ফৌরদোস মালিথা(৪২), বৈদ্যনাথতলা গ্রামের মৃত শাহাদত মালিথার ছেলে মো. সাজদার হোসেন (৪৩), ও বৈদ্যনাথতলা গ্রামের মো. আব্দুল মালেকের ছেলে মো. বজলুর রহমান (৩৮)কে গ্রেপ্তার করে ২৫৯ বোতল আমদানি নিষিদ্ধ ভারতীয় ফেনসিডিল উদ্ধার করে।

যার আনুমানিক মূল্য ৭ লাখ ৭৭ হাজার টাকা বলে জানায়। গ্রপ্তোরকৃতরা জানায়,দীর্ঘদিন ধরে তারা মাদক ব্যবসা চালিয়ে আসছে। পরে তাদের বিরুদ্ধে দৌলতপুর থানায় মামলা দায়ের করা হয়েছে।

অপর দিকে সোমবার ভোরে কুষ্টিয়ার মিরপুর ও দৌলতপুরে পৃথক অভিযান পরিচালনা করে ৩২০ বোতল আমদানি নিষিদ্ধ ভারতীয় ফেনসিডিল উদ্ধার করেছে।

এ সময় একটি ড্রাম ট্রাক, একটি কভার্ড ভ্যানসহ ৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে। উদ্ধারকৃত ফেনসিডিলের আনুমানিক মূল্য ৯লাখ ৬০ হাজার টাকা বলে র্যাব-১২ কুষ্টিয়া জানায়।

মুজিবনগরে ফেনসিডিলসহ দুই মাদক কারবারী আটক

৪৪ বোতল ভারতীয় ফেনসিডিলসহ দুই মাদক কারবারীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। মঙ্গলবার (২৭ ফেব্রুয়ারি) সকালের দিকে মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের ডোবাপাড়া এলাকায় মুজিবনগর থানা পুলিশের অভিযান চালিয়ে ফেনসিডিলসহ দুই মাদককারবারীকে আটক করা হয়।

আটকরা হলেন, মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের খোকা শেখের ছেলে

জাহাঙ্গীর শেখ (৪০) ও একই গ্রামের পূর্বপাড়ার আসান খার ছেলে কাদের খা (৩৫)।

মুজিবনগর থানার উপপরিদর্শক (এসআই) বিপ্লব কুমার হালদারের নেতৃত্বে পুলিশের একটি টিম গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের আটক করেন। মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উজ্জ্বল দত্ত এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, ভারত থেকে চোরাই পথে মাদকের একটি চালান পাচার হচ্ছে এমন সংবাদ পেয়ে পুলিশের একটি টিম সেখানে অভিযান চালান। সন্দেহভাজন দুজনকে দেখে তাদের চ্যালেঞ্জের এক পর্যায়ে সাদা প্লাস্টিকের দুটি ব্যাগের ভিতর থেকে ৪৪ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটা নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। আজ মঙ্গলবার সকাল ১১ টার দিকে ধৃত আসামিদের আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে র্যাবের অভিযানে ইয়াবাসহ যুবক আটক

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) অভিযান চালিয়ে ৫০ পিচ ইয়াবাসহ মোঃ মোকলেছুর রহমান(২৬) নামের এক যুবককে আটক করেছে। আটক মোকলেছুর রহমান চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার বড়বোয়ালিয়া গ্রামের মৃত আব্দুল মান্নানের ছেলে।

রবিবার (২৫ ফেব্রুয়ারী) সন্ধ্যায় গাংনী উপজেলার আমতৈল বাজারে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে ইয়াবাসহ আটক করা হয়।

র্যাব-১২ এর সিপিসি-৩, মেহেরপুরের কোম্পানীর কমান্ডার এএসপি মোঃ মনিরুজ্জামানের নেতৃতে র্যাবের একটি দল অভিযানে অংশ নেন। র্যাব কমান্ডার এএসপি মোঃ মনিরুজ্জামান জানান, ধৃত মোঃ মোকলেছুর রহমানকে জিজ্ঞাসাবাদে স্বীকার করে একই এলাকার রমজান

আলীর ছেলে
মোঃ আশরাফ আলী (২৭)সহ যোগসাজশে দীর্ঘ দিন মাদকদ্রব্য বিক্রি করে আসছিলেন।

ধৃত এবং পলাতক আসামীর বিরুদ্ধে গাংনী থানায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণির ১০(ক)/৪১ ধারায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে। আসামি মকলেছুর রহমানকে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে। পলাতক আশরাফ আলীকে গ্রেফতারের চেষ্টা চলছে।

মেহেরপুরে ফেনসিডিল ও গাঁজাসহ মাদক কারবারী গ্রেফতার

৯৩ বোতল ভারতীয় ফেনসিডিল ও প্রায় ৩ কেজি গাঁজাসহ এলাকার শীর্ষ মাদক ব্যবসায়ী জামাল উদ্দিন(৪৭) কে গ্রেফতার করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটলিয়ন (র্যাব-১২) সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্প। গ্রেফতারকৃত জামাল উদ্দিন গাংনী উপজেলার মাইলমারী গ্রামের মাহাতাব আলীর ছেলে।

র্যাব-১২ সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্পের কমান্ডার সহকারী পুলিশ সুপার মনিরুজ্জামানের নেতৃত্বে একটি টিম শনিবার (২৪ ফেব্রুয়ারি) ভোররাতের দিকে হিজলবাড়িয়া গ্রামের একটি ইটভাটার সামনে অভিযান চালিয়ে তাকে ফেনসিডিল ও গাঁজাসহ গ্রেফতার করেন।

শনিবার বেলা ১২ টার সময় র্যাব-১২, সিপিসি মেহেরপুর ক্যাম্পে সাংবাদিকদের সাথে প্রেসব্রীফ করে এই তথ্য জানান কমান্ডার মনিরুজ্জামান।

এসময় পিও মাহাতাব উদ্দিন, সার্জেন্ট মোহাম্মদ উল্লাহ, সিনিয়র ওয়ারেন্ট অফিসার হুমায়ূন কবীর, নায়েক শামীম আহমেদ উপস্থিত ছিলেন। র্যাব-১২ সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্পের কমান্ডার সহকারী পুলিশ সুপার মনিরুজ্জামান বলেন, মাদকের একটি চালান পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়।

অভিযানে জামাল উদ্দিন গ্রেফতার হলেও অন্য দুইজন আসামি মাইলমারী গ্রামের বিলপাড়া এলাকার আব্দুস সালাম মন্ডলের ছেলে মহিবুল ইসলাম
(৩৬) ও হিজলবাড়িয়া উত্তরপাড়া এলাকার ফরিদ উদ্দিনের ছেলে জাহাঙ্গীর আলম পালিয়ে যায়।

এঘটনায় র্যাবের পক্ষ থেকে গাংনী থানায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণির ১৯(ক)/১৪(গ)৪১ ধারায় একটি মামলা দায়ের করা হয়েছে। মামলার নং ২৮, তারিখ ২৪/০২/২৪ ইং।

গ্রেফতারকৃত জামালের বিরুদ্ধে এর আগেও মাদক আইনে দুটি মামলা আদালতে বিচারাধীন রয়েছে। এছাড়া পলাতক আসামি মহিবুল ইসলাম ও জাহাঙ্গীর আলমের বিরুদ্ধেও একাধিক মামলা রয়েছে বলে জানা গেছে।

মেহেরপুরে চিহ্নিত মাদকসেবী ডালিম শেখ ফেনসিডিলসহ আটক

৪ বোতল ভারতীয় ফেনসিডিলসহ মেহেরপুর শহরের চিহ্নিত মাদক সেবি ডালিম শেখকে (৪০) আটক করেছে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টিম। ডালিম শেখ মেহেরপুর শহরের পিয়াদাপাড়ার মাহাবুল শেখের ছেলে।

আজ শুক্রবার দুপুরের দিকে সদর উপজেলার মেহেরপুর-বুড়িপোতা সড়কের কানাপুকুর এলাকা থেকে ডালিম শেখকে ৪ বোতল ফেনসিডিলসহ আটক করেন।

গোপন সূত্রে খবর পেয়ে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাশেমের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে একটি টিম অভিযানে অংশ নেন।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) সারণীর ১৪ ক ধারায় একটি মামলা দায়ের করা হয়েছে।

দামুড়হুদায় ৪৬ বোতল ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

দামুড়হুদায় মাদকবিরোধী বিশেষ অভিযান চালিয়ে ৪৬ বোতল ফেনসিডিলসহ একটি পিকআপ আটক করেছে পুলিশ। এ সময় মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামের নোয়াজ্জেস মিয়ার ছেলে মাসুদ রানাকে (৪৫) আটক করা হয়।গতকাল রোববার (১৮ ফেব্রুয়ারি) রাত ১১টার দিকে এ অভিযান চালায় পুলিশ।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার আরএম ফয়জুর রহমান এক প্রেসবিজ্ঞপ্তিতে জানান, গতকাল রোববার গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা মডেল থানার ওসি আলমগীর কবিরের নেতৃত্বে কার্পাসডাঙ্গা ক্যাম্পের একদল পুলিশ মাদকবিরোধী বিশেষ অভিযান পরিচালনা করে। এ সময় রাত সাড়ে ১১টার দিকে কানাইডাঙ্গা গ্রামের কবরস্থান মোড়ে সুবলপুরগামী পাকা রাস্তার ওপর হতে ৪৫ বোতল ফেনসিডিল ও একটি পিকআপসহ মাসুদ রানাকে আটক করা হয়।

দামুড়হুদা মডেল থানার ওসি আলমগীর কবির জানান, আটককৃত আসামির বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদক আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেহেরপুরে র্যাবের অভিযানে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

৪৩ বোতল ভারতীয় ফেনসিডিলসহ আক্তারুল মোল্লা (৪৫) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) গাংনী ক্যাম্প।

আটক আক্তারুল মোল্লা কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার পারগোয়ালগ্রামের সামসুল মোল্লা ওরফে ভুলুর ছেলে।

আজ সোমবার (১৯ ফেব্রুয়ারি) সকালের দিকে গাংনী উপজেলার মোমিনপুর গ্রামে অভিযান চালিয়ে তাকে ফেনসিডিল সহ আটক করেন।
র্যাব-১২ সিপিস-৩ গাংনী ক্যাম্পের কমান্ডার সহকারী পুলিশ সুপার মনিরুজ্জামান আজ সোমবার বেলা ১২ টার সময় ক্যাম্পের হলরুমে প্রেসব্রিফ করে এই তথ্য জানান।

সহকারী পুলিশ সুপার মনিরুজ্জামান বলেন, ফেনসিডিল পাচার হচ্ছে এমন সংবাদ পেয়ে র্যাবের একটি টিম মোমিনপুর গ্রামে অভিযান চালায়। আক্তারুল মোল্লা ফেনসিডিল নিয়ে যাওয়ার সময় তাকে চ্যালেঞ্জ করলে ফেনসিডিল ফেলে পালিয়ে যাওয়ার সময় র্যাব সদস্যরা ধরে ফেলে।



আটক আক্তারুল মোল্লা ও তার আপন মামা গাংনী উপজেলার কাজিপুর গ্রামের আব্দুল জলিলের ছেলে তাইজেল (৫৫) দীর্ঘদিন যাবৎ ভারত থেকে চোরাই পথে মাদক নিয়ে এসে এলাকায় বিক্রি করে আসছিলেন। ফেনসিডিল উদ্ধারের ঘটনায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১)সারণীর ১৪(খ)৪১ ধারায় একটি মামলা দায়ের করা হয়েছে। মামলা নং ২৫, তারিখ ১৯/০২/২৪ ইং। আসামি আক্তারুল মোল্লাকে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে।

এছাড়া মামলার অপর আসামি তাইজেল ইসলামকে গ্রেফতারে অভিযান অব্যাহত আছে বলে জানান র্যাব কর্মকর্তা।

গাংনীতে ফলের ক্যারেটে মিললো ১৩৫ বোতল ফেনসিডিল, যুবক আটক

১৩৫ বোতল ভারতীয় ফেনসিডিলসহ জনি(২১) নামের এক কিশোরকে আটক করেছে গাংনীর বামন্দী পুলিশ ক্যাম্প।

আজ সোমবার (১৯ ফেব্রুয়ারি) সকাল ১০ টার সময় গাংনী উপজেলার বামন্দী বাসস্ট্যান্ডের ওয়াল্টন শো-রুমের সামনে অভিযান চালিয়ে তাকে ফেনসিডিলসহ আটক করা হয়।

আটক জনি কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার বাহিরমাদি গ্রামের আব্দুল গনি মন্ডলের ছেলে।

গোপন সংবাদের ভিত্তিতে বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) শরীফের নেতৃত্বে পুলিশের একটি টিম অভিযান চালিয়ে তাকে আটক করেন।

এসআই শরীফ জানান, ফেনসিডিলের একটি চালান ঢাকার উদ্দেশ্য যাচ্ছে এমন সংবাদ পেয়ে বামন্দী বাসস্ট্যান্ডে অভিযান চালানো হয়। ঢাকার উদ্দেশ্য যাওয়ার জন্য ফেনসিডিল ভর্তি ফলের ক্যারেট নিয়ে বাসস্ট্যান্ডে অপেক্ষা করছিলো জনি।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। এই মামলার আসামি জনিকে আজ সোমবার দুপুরের দিকে আদালতে প্রেরণ করা হয়েছে।